রূপকল্প-২০২১

ডিজিটাল বাংলাদেশ

# বার্ষিক প্রতিবেদন

# ২০১৮-২০১৯

# টেলিযোগাযোগ অধিদপ্তর


৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

www. telecomdept.gov.bd

# টেলিযোগাযোগ অধিদপ্তর

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্স

# বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯

সার্বিক তত্ত্বাবধানেঃ জনাব মোঃ মোহসিনুল আলম, মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

*সমন্বয়ঃ* জনাব মোঃ মাকছুদুর রহমান আকন্দ, পরিচালক (প্রশাসন), টেলিযোগাযোগ অধিদপ্তর

*প্রচ্ছদঃ*

*প্রকাশকালঃ* নভেম্বর, ২০১৯ খ্রিঃ

*ডিজাইন এন্ড প্রিন্টঃ* মদিনা পাবলিশার্স, কাটাবন, ঢাকা




"এ প্রধানমন্ত্রীত্ব আমার কাছে কাঁটা বলে মনে হয়। আমি যদি বাংলার মানুষের মুখে হাসি ফোটাতে না পারি, আমি যদি দেখি বাংলার মানুষ দুঃখী, আর যদি দেখি বাংলার মানুষ পেট ভরে খায় নাই, তাহলে আমি শান্তিতে মরতে পারবো না।"

**- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**

মোস্তাফা জব্বার
মন্ত্রী
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Mustafa Jabbar
Minister
Ministry of Posts, Telecommunications & IT
Government of the Peoples' Republic of Bangladesh

# বাণী

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় গঠিত টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) একটি নবসৃজিত প্রতিষ্ঠান। ডিওটি গঠনের পর ২য় বারের মতো এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই প্রতিবেদন প্রকাশের মাধ্যমে ডিওটি'র কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রকাশ পাবে বলে আমি বিশ্বাস করি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়া। সেই স্বপ্ন বাস্তবায়নে তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের মহাসড়ক ধরে এগিয়ে যাচ্ছে। এজন্য তিনি 'রূপকল্প-২০২১' এবং 'রূপকল্প-২০৪১' নির্ধারণ করেছেন। দুর্বার গতিতে এগিয়ে চলার এই বাংলাদেশ উন্নয়নের প্রতিটি সূচকে বিস্ময়কর অগ্রগতি অর্জন করে চলেছে। তথ্যপ্রযুক্তি ব্যবস্থায় জনগণকে সম্পৃক্ত করার সরকারি উদ্যোগের ফলে বর্তমানে মোবাইল ফোনের গ্রাহক সংখ্যা ২০০৮ সালে ৪ কোটি ৪৬ লাখ থেকে বৃদ্ধি পেয়ে জুন ২০১৯ শেষে প্রায় ১৬.১৭ কোটি এবং ইন্টারনেট গ্রাহক সংখ্যা ৪০ লাখ থেকে বৃদ্ধি পেয়ে ৯.৬২ কোটিতে উন্নীত হয়েছে। বর্তমানে বাংলাদেশে টেলিডেনসিটি প্রায় ৯৬% এবং ইন্টারনেট ডেনসিটি প্রায় ৬০%। আন্তর্জাতিক ব্যান্ডউইথ এর ব্যবহার ২০০৮ সালের মাত্র ৭.৫ জিবিপিএস থেকে বেড়ে এখন ৯৭০ জিবিপিএস। ৪জি মোবাইল সেবা চালু করা হয়েছে ও ৫জি মোবাইল সেবা চালুর বিষয়ে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। সরকারের উদ্যোগে ইতোমধ্যেই দেশের সকল জেলা ও উপজেলাসহ প্রায় ৯০ ভাগ ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবারের মাধ্যমে উচ্চগতির ইন্টারনেট সুবিধা পৌঁছে দেওয়া হয়েছে। ব্যান্ডউইথের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে তৃতীয় আন্তর্জাতিক সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-৬ এর সাথে সংযোগ স্থাপন করার পরিকল্পনা নেওয়া হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় বিশ্বের ৫৭তম দেশ হিসাবে মহাকাশে বাংলাদেশের প্রথম স্যাটেলাইট 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' উৎক্ষেপন করা হয়েছে এবং 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' উৎক্ষেপন করার প্রক্রিয়া চলমান আছে। মুক্তিযুদ্ধের চেতনায় তথ্যপ্রযুক্তি নির্ভর, জ্ঞানসমৃদ্ধ, অসাম্প্রদায়িক, স্বনির্ভর বাংলাদেশ গড়তে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সরকারি সংস্থা হিসাবে টেলিযোগাযোগ অধিদপ্তর সরকারের টেলিযোগাযোগ সংক্রান্ত বিভিন্ন কারিগরি বিষয়ে মতামত/পরামর্শ প্রদান ছাড়াও বর্তমানে দেশের টেলিযোগাযোগ সেক্টরের নিরাপত্তা বিধানের লক্ষ্যে "সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স" শীর্ষক একটি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করছে, যা প্রায় শেষ পর্যায়ে আছে। ভবিষ্যতে ডিওটি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে চলমান অগ্রগতির ধারা বেগবান করতে অবদান অব্যাহত রাখবে বলে আমি আশাবাদী।

পরিশেষে ২০১৮-০১৯ অর্থবছরের গৃহীত কার্যক্রম, অর্জন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার তথ্য নিয়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশের ডিওটি'র উদ্যোগ সফল হোক – স্বার্থক হোক এই কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

মোস্তাফা জব্বার




অশোক কুমার বিশ্বাস
সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


# বাণী

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন নবসৃজিত "টেলিযোগাযোগ অধিদপ্তর"(ডিওটি) তার গৃহীত বিভিন্ন কার্যক্রম, অর্জন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার উপর ২য় বারের মতো বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নিয়েছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। টেলিযোগাযোগ অধিদপ্তর এর এ উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি।

'রূপকল্প-২০২১' -এর লক্ষ্য পূরণে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার অগ্রযাত্রায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে টেলিযোগাযোগ খাত-এর গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য।সকল ক্ষেত্রে টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে দেশব্যাপী একটি শক্তিশালী টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি অবকাঠামো গড়ে তুলতে সরকার বিভিন্ন কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এক্ষেত্রে ইউনিয়ন পরিষদসমূহকে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক-এর আওতায় আনা, সারাদেশে মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন, দ্বিতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ, হাইটেক পার্ক স্থাপন ইত্যাদি সাফল্য উল্লেখযোগ্য। ব্যান্ডউইথের ক্রমবর্ধমান চাহিদা পূরণেতৃতীয় আন্তর্জাতিক সাবমেরিন ক্যাবল SEA-ME-WE-৬ এর সাথে সংযোগ স্থাপন করার ও 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২'উৎক্ষেপন করার পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। আজকে দেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি সুবিধা সহজলভ্য হওয়ায় গ্রামের মানুষ ঘরে বসেই বিশ্বের বিভিন্ন স্থানের সাথে যোগাযোগ স্থাপন ও তথ্য সংগ্রহ করতে পারছে। স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি আর্থ-সামাজিক ক্ষেত্রে টেকসই উন্নয়ন ও ব্যাপক গতিশীলতা সৃষ্টি হয়েছে।

প্রযুক্তিগত সহজলভ্যতার কারণে এর অপব্যবহার রোধ করে রাষ্ট্র ও জনগণের নিরাপত্তা বিধান এবং দেশের সামাজিক নীতি ও মূল্যবোধের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা অত্যন্ত জরুরি। তা সুনিশ্চিত করার লক্ষে সাইবার নিরাপত্তার প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন ও সচেতনতা সৃষ্টিতেও সরকার কাজ করে যাচ্ছে। এজন্য টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক "সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স" নামক একটি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে, যা ডিসেম্বর ২০১৯ খ্রিঃ এর মধ্যে সমাপ্ত হবে। এছাড়াও অধিদপ্তর টেলিযোগাযোগ সেক্টরে বিভিন্ন বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে সহায়তা প্রদান করছে।

টেলিযোগাযোগ অধিদপ্তর-এর ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি ও এর সফলতা কামনা করছি।

(অশোক কুমার বিশ্বাস)
সচিব



মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর

## বাণী

নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর” (ডিওটি)’র বিভিন্ন কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা উপর ২য় বারের মতো বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। বার্ষিক প্রতিবেদন একটি প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকান্ড ও অগ্রগতি সম্পর্কে ধারণা প্রদান এবং তার কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

বাংলাদেশ টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড (বিটিটিবি)-কে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল)-এ রূপান্তরের পর মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) সৃজন করা হয়। বিটিসিএল-এ কর্মরত বিটিটিবি’র ৬৬৮৪ জন কর্মকর্তা/কর্মচারীকে নবসৃজিত টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি)-তে ন্যস্ত করা হয়। তবে বিটিসিএল এর কার্যক্রম পরিচালনার স্বার্থে টেলিযোগাযোগ অধিদপ্তরে ৬,৫৩৬ (ছয় হাজার পাঁচশত ছত্রিশ) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রেষণে বিটিসিএল-এ ন্যস্ত করা হয়। ২০১৫ সালের ৯ সেপ্টেম্বর তারিখে মাত্র ৩২ (বত্রিশ) জন লোকবল নিয়ে টেলিযোগাযোগ অধিদপ্তর” (ডিওটি) তার যাত্রা শুরু করে। বর্তমানে অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী ২৩৮ (দুইশত আটত্রিশ) জন কর্মকর্তা-কর্মচারী নিয়ে টেলিযোগাযোগ অধিদপ্তর তার কর্মকান্ড চালিয়ে যাচ্ছে।

বর্তমান সরকারের বহুল আলোচিত শ্লোগান ‘ডিজিটাল বাংলাদেশ’ এর লক্ষ্য পূরণে টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক উন্নত মানের সেবা জনগণের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর সদা তৎপর রয়েছে। বর্তমানে প্রয়োজনীয় অবকাঠামো, লজিস্টিক এবং লোকবলের ঘাটতি থাকা সত্ত্বেও টেলিযোগাযোগ অধিদপ্তর তার উপর অর্পিত দায়িত্ব সুন্দরভাবে ও সাফল্যের সঙ্গে পালন করে চলেছে। ডিওটি তার কার্যপরিধির আওতায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে বিভিন্ন সময়ে নানা ধরণের কারিগরী পরামর্শ/মতামত প্রদান করে যাচ্ছে। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের কমিটিতে অন্তর্ভূক্ত এই অধিদপ্তরের বিশেষজ্ঞ কর্মকর্তাগণ টেলিকম বিষয়ে নানা ধরনের কারিগরী মতামত প্রদান করছেন।

দেশের সাইবার সুরক্ষা সুনিশ্চিত করার লক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর “সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স” নামক একটি গুরুত্বপূর্ণ প্রকল্প বাস্তবায়ন করছে, যা ডিসেম্বর ২০১৯ খ্রিঃ এর মধ্যে সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। ইতোমধ্যে এই প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতির মাধ্যমে জুন ২০১৯ পর্যন্ত দেশের বিভিন্ন আইআইজি কর্তৃত ব্যবহৃত ৭০০ জিবিপিএস ব্যান্ডউইডথ মনিটর করা হয়েছে এবং প্রায় ২০,০০০টি ক্ষতিকর বা পর্ণ ওয়েব সাইট ব্লক করা হয়েছে।

টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি)’র ২০১৮-১৯ অর্থবছরে গৃহীত কার্যক্রমের সকল তথ্যাদি এ প্রতিবেদনটিতে সংযোজিত হয়েছে। বার্ষিক প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের নিকট সমাদৃত হবে বলে আমি আশা করছি।

(মোঃ মহসিনুল আলম)

# সম্পাদনা পর্ষদ

**সঞ্জিব কুমার ঘটক**
পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
আহবায়ক

**সাঈদ মাহমুদ**
উপ-পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
সদস্য

**মোঃ রুহুল আমিন**
**উপ-পরিচালক (টেলিকম. নিরাপত্তা)**, টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
সদস্য

**শিরিন আক্তার**
**উপ-পরিচালক (সমন্বয়-মোবাইল)**, টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
সদস্য

**মোঃ মামুন অর রশিদ**
**সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)**, টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
সদস্য

**অমল কুমার নাগ**
সহ-পরিচালক, সম্পদ ব্যবস্থাপনা (পিএসটিএন ও গেটওয়ে), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
সদস্য সচিব

# সম্পাদকীয়

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে প্রাক্তন বিটিটিবি’র কর্মকর্তা-কর্মচারীদের সরকারি চাকরীর ধারাবাহিকতা রক্ষা ও সুযোগ সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপন নং ১৪ ,২৭৯-(অংশ) ১৩.০০২.২২.০০৮.০০০০.০০.তারিখ : ২৫ জুন ২০১৫ খ্রিঃ মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনে টেলিযোগাযোগ“অধিদপ্তর “ সৃজিত হয় । নবসৃজিত এই টেলিযোগাযোগ অধিদপ্তরের দ্বিতীয় **(**২০১৮-১৯ অর্থ বছরের**)** বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য যাঁরা তথ্য দিয়ে সহযোগিতা করেছেন তাঁদেরকে সম্পাদনা পর্ষদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী তাঁর মূল্যবান বাণী প্রদান করায় প্রকাশনাটির গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে । এছাড়া প্রতিবেদনে মূলবান বাণী প্রদান করায় এবং প্রতিবেদন প্রকাশে প্রয়োজনীয় নির্দেশনা দেয়ায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। সর্বোপরি সার্বিক সহযোগীতা ও পৃষ্ঠপোষকতা প্রদানের জন্য টেলিযোগাযোগ অধিদপ্তরের সম্মানিত মহা-পরিচালক-এর নিকট সম্পাদনা পর্ষদ বিশেষভাবে কৃতজ্ঞ ।

প্রতিবেদনে টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের পটভূমি, সৃজনের উদ্দেশ্য, সৃজিত জনবল কাঠামো, অধিদপ্তরের কার্যপরিধি, বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী এবং ২০১৮-২০১৯ অর্থবছরের অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম, অর্জন, ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ইত্যাদি সংক্ষিপ্তভাবে উপস্থাপিত হয়েছে।

পরিশেষে দ্বিতীয় বারের মতো টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন সম্পাদনা করার সুযোগ দেয়ায় কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি ও নিজেকে ধন্য মনে করছি। আন্তরিক প্রচেষ্টা সত্বেও সংঘটিত ভুল-ত্রুটি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ রইল। প্রতিবেদনটি টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে আগ্রহী সুধীজনদের নিকট সমাদৃত হলে আমাদের পরিশ্রম সার্থক হবে।

সবাইকে ধন্যবাদ ।

সঞ্জিব কুমার ঘটক
**পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা**
আহবায়ক

# সূচীপত্র

**বিষয়** **পৃষ্ঠা নম্বর**


উপক্রমণিকা
- রূপকল্প (Vision)
- অভিলক্ষ্য (Mission)
- কৌশলগত উদ্দেশ্যসমূহ

টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের পটভূমি
টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের উদ্দেশ্য
টেলিযোগাযোগ অধিদপ্তরে সৃজিত জনবল কাঠামো
টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যপরিধি
আনুষ্ঠানিক কার্যক্রম শুরু
বিগত সময়ে অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কাজসমূহ
প্রশাসন ব্যবস্থাপনা বিষয়ক
- প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার/সিম্পোজিয়াম ইত্যাদি
- পিআরএল, লাম্প গ্র্যান্ট, জিপিএফ, ছুটি ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম
- পদোন্নতি কার্যক্রম
- নিয়োগ বিধিমালা
- অফিস ব্যবস্থাপনা আধুনিকীকরণ
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কার্যক্রম
  - ই-নথি
  - বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
  - ওয়েব সাইট
  - ই-জিপি (ইলেকট্রনিক টেন্ডারিং)
  - ডিজিটাল নোটিশ প্রেরণ
- ইনোভেশন
- নিরাপত্তা ব্যবস্থাপনা
- সম্পদ ব্যবস্থাপনা
- মামলা ব্যবস্থাপনা
- চুক্তিভিত্তিক প্যানেল আইনজীবি নিয়োগ
- বিভিন্ন কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ

আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক
- বার্ষিক বাজেট বরাদ্দ ও ব্যয়
- ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনা
- পেনশন সংক্রান্ত কার্যক্রম

কারিগরী বিষয়ক
- টেলিযোগাযোগ বিষয়ে বিভিন্ন কারিগরি মতামত ও সুপারিশ প্রদান
- কারিগরী এক্সপার্টাইজ হিসাবে বাইরের বিভিন্ন সংস্থার কমিটিতে অংশগ্রহণ

পরিকল্পনা ও বাস্তবায়নাধীন প্রকল্প বিষয়ক
- চলমান প্রকল্প
- প্রকল্প পরিকল্পনা

বিবিধ
ফটোগ্যালারি

# উপক্রমণিকা

## রূপকল্প (Vision)

সাশ্রয়ী, সার্বজনীন এবং নির্ভরযোগ্য টেলিযোগাযোগ সেবা ।

## অভিলক্ষ্য (Mission)

টেলিযোগাযোগ খাত পরিচালনায় সরকারকে সহায়তা এবং প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তির সন্নিবেশ ঘটিয়ে দেশে সাশ্রয়ী ও আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানের পরিবেশ সৃষ্টি।

### কৌশলগত উদ্দেশ্যসমূহ

- নতুন প্রযুক্তির অভিযোজন ও বৈশ্বিক মানের সাথে সমন্বয়;
- টেলিযোগাযোগ খাতের সুশৃঙ্খল পরিচালনা;
- অবকাঠামো উন্নয়ন ও বিস্তার;
- অর্থনৈতিক উন্নয়নে টেলিযোগাযোগ ব্যবস্থার প্রয়োগ;
- সেবার ডিজিটাল রূপান্তর;
- মানবসম্পদ উন্নয়ন;
- গবেষণা ও উন্নয়ন;
- স্থানীয় উৎপাদনে সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃষ্টি।

# টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের পটভুমি, সৃজনের উদ্দেশ্য, কার্যপরিধি, আনুষ্ঠানিক কার্যক্রম শুরু

## টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের পটভূমি:

টেলিগ্রাফ ও টেলিফোনের উন্নয়ন, পরিকল্পনা ও দক্ষ ব্যবস্থাপনার লক্ষ্যে The Bangladesh Telegraph and Telephone Board Ordinance, 1979 এর বিধান অনুসারে বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি) গঠিত হয়। পরবর্তিতে ২০০৮ সালে উক্ত অধ্যাদেশ সংশোধনের মাধ্যমে বিটিটিবিকে বিলুপ্ত করা হয়। বিলুপ্ত বিটিটিবি'র কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরীর ধারাবাহিকতা রক্ষা এবং টেলিযোগাযোগ সংক্রান্ত বিষয়ে সরকারের নীতি প্রণয়নে কারিগরি, বিশেষজ্ঞ ও অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদানকল্পে "টেলিযোগাযোগ অধিদপ্তর" গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ, মন্ত্রিসভার নীতিগত অনুমোদন এবং মাননীয় প্রধানমন্ত্রীর চুড়ান্ত অনুমোদনের পর গত ২৫ জুন ২০১৫ খ্রিঃ তারিখে "টেলিযোগাযোগ অধিদপ্তর" সৃজনের প্রজ্ঞাপন জারী করা হয়।

## টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের উদ্দেশ্য:

- টেলিযোগাযোগ সংক্রান্ত বিষয়ে সরকারের নীতি প্রণয়নে কারিগরি, বিশেষজ্ঞ ও অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ/ সহায়তা প্রদান;
- সরকারের অনুমোদিত নীতি অনুযায়ী সরকারী ও বেসরকারী খাতের সমন্বয়;
- আইটিইউসহ অন্যান্য আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থাসমূহের সাথে যোগাযোগ;
- টেলিযোগাযোগ খাত উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণে সহয়তা প্রদান;
- বিলুপ্ত বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি)'র কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরির ধারাবাহিকতা রক্ষা;

## টেলিযোগাযোগ অধিদপ্তরে সৃজিত জনবল কাঠামো:

বিলুপ্ত বিটিটিবি'র অনুমোদিত রাজস্ব পদ সংখ্যা ছিল- ১৯,০২৯ টি

তাৎক্ষণিকভাবে জনবল শূন্যপদ বিলোপ করা হয়-১১,২৫৫ টি

নবসৃজিত অধিদপ্তরের মোট পদ সংখ্যা -৭,৭৭৪ টি (স্থায়ী কাঠামোর পদ-২৩৮ টি, পর্যায়ক্রমে বিলোপযোগ্য পদ-৭,৫৩৬ টি)। স্থায়ী পদের মধ্যে কর্মকর্তা পর্যায়ে ৮১টি এবং কর্মচারী পযায়ে ১৫৭টি পদ অন্তর্ভুক্ত।

## অধিদপ্তরের কার্যক্রম

- গত ৯ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ আরিখে আনুষ্ঠানিকভাবে টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রম শুরু হয়।
- প্রাথমিকভাবে বিটিসিএল এর তেজগাঁওস্থ টেলিযোগাযোগ প্রশিক্ষণ কেন্দ্রের প্রশাসনিক ভবনে অধিদপ্তরের অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়েছে;
- ইতোমধ্যেই অধিদপ্তরে ই-নথি, ই-জিপি, ই-মেইল ও ওয়েব সাইটসহ সকল দাপ্তরিক সুবিধা ও পদ্ধতি সমূহ প্রতিষ্ঠা করা হয়েছে;
- তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অফিস ব্যবস্থাপনা আধুনিকীকরণের উদ্যোগ হিসাবে ইলেকট্রনিক হাজিরা, লিভ ম্যানেজমেন্ট ও এমপ্লয়ি ডাটাবেজ সিস্টেম চালু করা হয়েছে;
- বিলুপ্ত বিটিটিবিসহ অধিদপ্তরের স্থায়ী পদের কর্মকর্তা/ কর্মচারীদের পিআরএল, লাম্পগ্র্যান্ট, পেনশন, জিপিএফ, ছুটি ইত্যাদি কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে প্রায় ১৮০০টি পেনশন কেস নিষ্পত্তি করা হয়েছে।

## টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যপরিধি:

- টেলিযোগাযোগ খাত সম্পর্কিত সকল তথ্য/ উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সরকারের নিকট উপস্থাপন;
- টেলিযোগাযোগ সম্পর্কিত নীতি প্রণয়ন ও বাস্তবায়নে সরকারকে সহায়তাকরণ ;
- টেলিযোগাযোগ নেটওয়ার্ক ও সেবাসমূহের উন্নয়ন এবং গ্রাহকবান্ধব ও সাশ্রয়ীভাবে পরিচালনায় সরকারকে সহায়তাকরণ;
- টেলিযোগাযোগ খাতে রাষ্ট্রীয় সম্পদসমূহের রক্ষণ ও সুষ্ঠু বন্টনে সরকারকে সহায়তা প্রদান;
- টেলিযোগাযোগে ব্যবহৃত যন্ত্রপাতি ও প্রটোকলসমূহের প্রমিত মান (Standards) নিশ্চিতকরণ;
- টেলিযোগাযোগ অবকাঠামো উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে তা বাস্তবায়ন;
- টেলিযোগাযোগ সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষা এবং দেশের স্বার্থ সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে সরকারকে সহায়তাকরণ;
- টেলিযোগাযোগ খাতে মানবসম্পদ উন্নয়ন এবং গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনায় প্রাতিষ্ঠানিক কাঠামো সৃজন ও পরিচালনা;
- দেশের টেলিযোগাযোগ ব্যবস্থার ডিজিটাল নিরাপত্তায় জনগণের সুরক্ষা ও নীতি প্রণয়নে সহায়তাসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা;
- টেলিযোগাযোগ খাত সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন কর্তৃপক্ষ/ সংস্থা/ প্রতিষ্ঠানের সাথে সমন্বয়সাধন;
- টেলিযোগাযোগ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়ন।

## আনুষ্ঠানিক কার্যক্রম শুরু:

৮ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক টেলিযোগাযোগ অধিদপ্তরে ৩২ জন কর্মকর্তা-কর্মচারী পদায়ন করা হয়। ৯ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ তারিখে বিটিসিএল-এর তেজগাঁওস্থ টেলিকম ট্রেনিং সেন্টার-এর একটি ভবনে টেলিযোগাযোগ অধিদপ্তর আনুষ্ঠানিকভাবে এর যাত্রা শুরু করে। সংস্থাটির প্রধান হলেন মহাপরিচালক, যিনি সরকারের অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। ৩ (তিন) জন অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ, কারিগরী এবং রেগুলেটরী) তাঁর অধীনে থেকে সংস্থার সকল কাজ সমন্বয় করেন। বর্তমানে স্থায়ী কাঠামোতে ১৬৩ (একশত তেষট্টি) জন কর্মকর্তা/কর্মচারী টেলিযোগাযোগ অধিদপ্তরে কর্মরত আছেন।

# টেলিযোগাযোগ অধিদপ্তরের অবকাঠামো



# ২০১৮-২০১৯

# অর্থ-বছরে অধিদপ্তর কর্তৃক সম্পাদিত কাজসমূহ

# প্রশাসন ব্যবস্থাপনা সংক্রান্ত:

## প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার/সিম্পোজিয়াম ইত্যাদি:

সময়ের পরিক্রমায় প্রতিনিয়ত প্রযুক্তির নবনব সৃষ্টির ফলে পরিবর্তিত হচ্ছে আমাদের সভ্যতা, সেইসাথে জীবন ব্যবস্থা। নব সৃষ্টিকে আমাদের কর্মক্ষেত্রে প্রয়োগের জন্য টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান ও দক্ষতা উন্নয়নে (ক)কর্মশালা (খ)স্থানীয় প্রশিক্ষণ (গ) আন্তর্জাতিক প্রশিক্ষণ (ঘ) সেমিনার/সিম্পোজিয়াম ইত্যাদি কার্যক্রম নিয়মিত গ্রহণ করা হয়ে থাকে। অধিদপ্তরের মানব সম্পদ উন্নয়নে ২০১৮-২০১৯ বছরে নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করা হয়ঃ

## আভ্যন্তরীণ প্রশিক্ষণ:

| প্রশিক্ষণ কর্মসুচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা | জনঘন্টা |
|---|---|---|---|
| বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (Annual Performance Agrement APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল | ১দিন×৮ | ৩১ জন | ২৪৮ |
| E-Human Resources and Pay roll Management of DoT | ১দিন×৮ | ৩২ জন | ২৫৬ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল | ১দিন×৮ | ২৫ জন | ২০০ |
| উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রস্তুতকরণে লক্ষনীয় বিষয়সমূহ | ১দিন×৮ | ২৫ জন | ২০০ |
| নিয়মিত উপস্থিত বিধিমালা ১৯৮২ ও সরকারী কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ | ১দিন×৮ | ৪৭ জন | ৩৭৬ |
| সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং শৃংখলা ও আপিল বিধিমালা ২০১৮ | ১দিন×৮ | ৪৭ জন | ৩৭৬ |
| নিয়মিত উপস্থিত বিধিমালা ১৯৮২ ও সরকারী কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ | ১দিন×৮ | ১৫ জন | ১২০ |
| সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং শৃংখলা ও আপিল বিধিমালা ২০১৮ | ১দিন×৮ | ১৫ জন | ১২০ |
| Conformaity and Interoperability (Global and ITU C&I Standard (System, Conformaity and Interoperability (5G Standard and (Progress | ১দিন×৮ | ২৯ জন | ২৩২ |
| Conformaity and Interoperability (Test Specification and (certification requirement for 5G user, Conformaity and Interoperability (Trend of 5G application and industry (development | ১দিন×৮ | ২৯ জন | ২৩২ |
| ই-ফাইলিং | ১দিন×৮ | ১১ জন | ৮৮ |
| ই-ফাইলিং | ১দিন×৮ | ১২ জন | ৯৬ |
| Cyber security Center of Excellance, The NCOE and IONT_ Lab in Dhaka | ১দিন×৮ | ৩০ জন | ২৪০ |
| Leadership Development | ৫দিন×৮ | ২ জন | ৮০ |

| | | | |
|---|---|---|---|
| নাগরিক সেবা উদ্ভাবন বিষয়ক কর্মশালা | ২দিন×৮ | ২ জন | ৩২ |
| ICT: A Key tool for SDGS | ১দিন×৮ | ৩১ জন | ২৪৮ |
| Company Overview F5 Networks, Product & Solution Overview of F5 and Technical Discussion on how F5 can contribute to Dot Cyber security future business needs | ১দিন×৮ | ১৯ জন | ১৫২ |
| Stakeholders দের সমস্যা সমাধানে যথোপুযুক্ত উপায় অন্বেষণ | ১দিন×৮ | ৪৫ জন | ৩৬০ |
| e-GP | ৩দিন×৮ | ২ জন | ৪৮ |
| নির্বাচনী কর্মকর্তা ToT সংক্রান্ত প্রশিক্ষণ | ২দিন×৮ | ১ জন | ১৬ |
| APA ও APAMS Software বিষয়ক প্রশিক্ষণ | ২দিন×৮ | ২জন | ৩২ |
| Innovation 2018-2019 | ১দিন×৮ | ০২ জন | ১৬ |
| Automation tools for Office | ১দিন×৮ | ৩৮ জন | ৩০৪ |
| " DWDM & Submarine Cable Nework of Bangladesh" | ১দিন×৮ | ১৫ জন | ১২০ |
| " DWDM & Submarine Cable Nework of Bangladesh" | ১দিন×৮ | ১৭ জন | ১৩৬ |
| 1.F5 Company Overview, 2. F5 Solution for the Cyber Threat Detect & Response Project & 3. Security Landscape and Trending. | ১দিন×৮ | ১৫ জন | ১২০ |
| MNP (Mobile Number Portability) & Regulatory Affair | ১দিন×৮ | ৩৫ জন | ২৮০ |
| DWDM & Submarine Cable Nework of Bangladesh" কুয়াকাটা" | ১দিন×৮ | ৩৮ জন | ৩০৪ |
| নিয়মিত উপস্থিত বিধিমালা-১৯৮২, সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা-১৯৭৯, সচিবালয় নির্দেশমালা-২০১৪ | ১দিন×৮ | ৩৬ জন | ২৮৮ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন। | ১দিন×৮ | ৪১ জন | ৩২৮ |
| তথ্য অধিকার আইন-২০০৯, তথ্য প্রকাশ আইন-২০১১ ও তথ্য প্রকাশ বিধিমালা-২০১৭ | ১দিন×৮ | ৩৬ জন | ২৮৮ |
| PIMS (Personal Information Management System | ১দিন×৮ | ৩৭ জন | ২৯৬ |
| MS Excel | ১দিন×৮ | ৩৭ জন | ২৯৬ |
| Stakeholders দের সমস্যা সমাধানে যথোপুযুক্ত উপায় অন্বেষণ | ১দিন×৮ | ৪০ জন | ৩২০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন | ১দিন×৮ | ৩৫ জন | ২৮০ |
| নিয়মিত উপস্থিত বিধিমালা-১৯৮২, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা -২০১৪ | ১দিন×৮ | ৩৮ জন | ৩০৪ |

ডিওটি তে মোট কর্মরত জনবল =১০৫ জন

জুলাই ২০১৮ -জুন ২০১৯ প্রশিক্ষণ ৭৪৩২÷১০৫= ৭০.৭৮ জনঘন্টা।

## বৈদেশিক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার:

| ক্রমিক নং | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার এর বিষয় | সময় ও স্থান | অংশ গ্রহণকারী কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | 5th Annual Asia-Pacific Spectrum Management Conference | 12-14 March, 2019 Kuala Laumpur, Malaysia | ৩ জন |
| ২ | Seminar on 4G Network Planning & Optimization for Countries in 2018 | 10-30 August 2018 Wuhan, China | ১ জন |
| ৩ | Conformity and Interoperability, 5G and its application Scenarios and 2 Directions | 10 – 14 September, 2018 | ১ জন |
| ৪ | Competition analysis in digital applications environment | 17-20 September 2018 Bangkok, Thiland | ২ জন |
| ৫ | Keeping Children and Young People Safe Online | 18-19 September 2018 Warsaw, Poland | ২ জন |
| ৬ | Policy Mission under Cyber Threat Detection and Response Project | 18--27-September, 2018 Spain and USA | ১ জন |
| ৭ | Factory Test | 13-18 October, 2018 Madrid, Spain | ১ জন |
| ৮ | Policy Mission under Cyber Threat Detection & Response Project. | 25-31 October, 2018 Turkey & United States of America | ১ জন |
| ৯ | ITU Workshop on “Network Performance, Quality of Service and Quality of Experience” | 04-05 March 2019 Kigali, Rwanda. | ৩ জন |
| ১০ | Invitation to the 3rd Global Forum on Emergency Telecommunication (GET-19) | 06-08 March 2019 Balaclave, Mauritius. | ৩ জন |
| ১১ | “Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials (Phase-11) | 24 March – 12 April 2019 Australia | ১ জন |
| ১২ | Comprehensive Security for a safer Connected World | 09-12 April 2019 Las Vegas, USA | ২ জন |
| ১৩ | Technical Training Program | 16-28 May 2019 Singapore | ৬ জন |
| ১৪ | Study Tour on Innovation | 17-22 June 2019 Malaysia | ৬ জন |

## পিআরএল, লাম্প গ্র্যান্ট, জিপিএফ, ছুটি ইত্যাদি মঞ্জুরী সংক্রান্ত কার্যক্রম:

টেলিযোগাযোগ অধিদপ্তরে প্রদায়নকৃত এবং প্রেষণে বিটিসিএল, টেলিটক, সাব-মেরিন ক্যাবল, টেসিস ও বাংলাদেশ ক্যাবল শিল্প সংস্থায় কর্মরত বিলুপ্ত বিটিটিবি (বর্তমান বিটিসিএল)-এর সকল রাজস্ব খাতভুক্ত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা অবসরে যাচ্ছেন তাদের পিআরএল মঞ্জুরীপত্র, ১৮ মাসের ছুটি নগদায়ন ও পিআরএল সমাপনান্তে পেনশন সংক্রান্ত সকল তথ্যাদি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

### অবসর উত্তর জনবলের চিত্র ছকের মাধ্যমে তুলে ধরা হলো

প্রতিবেদনাধীন মাসের নাম: জুলাই/২০১৮ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭,৭৭৪ | ৪,৯৪০ | ২,৮৩৪ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণে |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- জুলাই/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৪০ | ১১০ | ২,১১১ | ৪৫৬ | ২,৮১৭ | জুলাই/২০১৮খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০২ | ০১ | ১৩ | ০১ | ১৭ | আগষ্ট/২০১৮খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৪২ | ১১১ | ২,১২৪ | ৪৫৭ | ২,৮৩৪ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: আগষ্ট/২০১৮ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৯১১ | ২,৮৬৩ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- আগষ্ট/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৪২ | ১১১ | ২,১২৪ | ৪৫৭ | ২,৮৩৪ | আগষ্ট/২০১৮খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০১ | ০৩ | ২৩ | ০২ | ২৯ | সেপ্টেম্বর/২০১৮খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৪৩ | ১১৪ | ২,১৪৭ | ৪৫৯ | ২,৮৬৩ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: সেপ্টেম্বর/২০১৮ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭,৭৭৪ | ৪,৮৮২ | ২,৮৯২ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৪৩ | ১১৪ | ২,১৪৭ | ৪৫৯ | ২,৮৬৩ | সেপ্টেম্বর/২০১৮খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০২ | ০২ | ২৩ | ০২ | ২৯ | অক্টোবর/২০১৮খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৪৫ | ১১৬ | ২,১৭০ | ৪৬১ | ২,৮৯২ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর/২০১৮ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৮৫৮ | ২,৯১৬ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- অক্টোবর/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৪৫ | ১১৬ | ২,১৭০ | ৪৬১ | ২,৮৯২ | অক্টোবর/২০১৮খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০১ | ০২ | ১৮ | ০৩ | ২৪ | নভেম্বর/২০১৮খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৪৬ | ১১৮ | ২,১৮৮ | ৪৬৪ | ২,৯১৬ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর/২০১৮ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৮২৪ | ২,৯৫০ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- নভেম্বর/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৪৬ | ১১৮ | ২,১৮৮ | ৪৬৪ | ২,৯১৬ | নভেম্বর/২০১৮খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০১ | ০২ | ২৮ | ০৩ | ৩৪ | ডিসেম্বর/২০১৮খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৪৭ | ১২০ | ২,২১৬ | ৪৬৭ | ২,৯৫০ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: ডিসেম্বর/২০১৮ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৭০৯ | ৩,০৬৫ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- ডিসেম্বর/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৪৭ | ১২০ | ২,২১৬ | ৪৬৭ | ২,৯৫০ | ডিসেম্বর/২০১৮খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০৫ | ০২ | ১০৩ | ০৫ | ১১৫ | জানুয়ারী/২০১৯খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৫২ | ১২২ | ২,৩১৯ | ৪৭২ | ৩,০৬৫ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: জানুয়ারী/২০১৯ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৬৫৬ | ৩,১১৮ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- জানুয়ারী/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৫২ | ১২২ | ২,৩১৯ | ৪৭২ | ৩,০৬৫ | জানুয়ারী/২০১৯খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০১ | ০২ | ৪৪ | ০৬ | ৫৩ | ফেব্রুয়ারী/২০১৯খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৫৩ | ১২৪ | ২,৩৬৩ | ৪৭৮ | ৩,১১৮ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: ফেব্রুয়ারী/২০১৯ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৬০৮ | ৩,১৬৬ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- ফেব্রুয়ারী/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৫৩ | ১২৪ | ২,৩৬৩ | ৪৭৮ | ৩,১১৮ | ফেব্রুয়ারী/২০১৯খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০২ | ০৩ | ৩৯ | ০৪ | ৪৮ | মার্চ/২০১৯খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৫৫ | ১২৭ | ২,৪০২ | ৪৮২ | ৩,১৬৬ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ/২০১৯ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | | | | | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/ সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৪ | ৪,৫৬৯ | ৩,২০৫ | প্রযোজ্য নয় | নতুন পদ সৃষ্টি ও অবসরজনিত কারণ |

ক.২ শূন্য পদের বিন্যাসঃ- মার্চ/২০১৯ খ্রিঃ পর্যন্ত।

| প্রথম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট | পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৭ |
| ১৫৫ | ১২৭ | ২,৪০২ | ৪৮২ | ৩,১৬৬ | মার্চ/২০১৯খ্রিঃ পর্যন্ত শূন্য হওয়া পদ। |
| ০৩ | ০২ | ৩৩ | ০১ | ৩৯ | এপ্রিল/২০১৯খ্রিঃ মাসে শূন্য হওয়া পদ |
| ১৫৮ | ১২৯ | ২,৪৩৫ | ৪৮৩ | ৩,২০৫ | সর্বমোট শূন্য হওয়া পদ |

প্রতিবেদনাধীন মাসের নাম: এপ্রিল/২০১৯ খ্রিঃ।

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

